# বর্ধমান বিশ্ববিদ্যালয়

## রাজবাটী, বর্ধমান

### = বিজ্ঞপ্তি =

প্রজ্ঞাপণ সংখ্যা:-আর-সি/ পার্ম/এড মি / ১৮ তারিখ:- ১৫.০৫.২০১৯

মাননীয়/ মাননীয়া,
অধ্যক্ষ/ উপাধ্যক্ষ / ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত কলেজ সমূহ ।

<u>২০১৯-২০ শিক্ষা বর্ষে স্নাতকস্তরে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি সংক্রান্ত নিয়মাবলী:</u>

এতদ্বারা সকলকে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ে স্নাতকস্তরে ভর্তির নিয়ম (U.Ord-3) ধারায় উল্লিখিত উচ্চমাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশের দিন থেকে ৭ দিনের মধ্যে ভর্তি প্রক্রিয়া শুরু এবং ৬০ দিনের মধ্যে ভর্তির পক্রিয়া সম্পন্ন করতে হবে এবং ভর্তির প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর এক সপ্তাহের মধ্যে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ক্লাস শুরু করতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত প্রগ্রাম / বিষয়ের নির্ধারিত Intake capacity -এর বাহিরে ভর্তি করা যাবে না , এছাড়া ভর্তি সংক্রান্ত নিম্নলিখিত সকল নির্দেশাবলী অনুসরন করতে বলা হচ্ছে ।

১) সরকারি নির্দেশিকা অনুযায়ী প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা (with merit score) সংশ্লিষ্ট কলেজের ওয়েবসাইটে প্রকাশ (upload) করতে হবে এবং ভর্তি ও সংরক্ষন সংক্রান্ত রাজ্য সরকার কর্তৃক সকল আদেশনামা (G.O.) / বিজ্ঞপ্তি এক্ষেত্রে প্রযোজ্য হবে । পশ্চিম বঙ্গ সরকারের উচ্চ শিক্ষা বিভাগের বিজ্ঞপ্তি (No. 804-Edn(CS)/10M-95/14 Dated: 13.05.19) যেটি সংযোজিত হল, তা কার্যকর করা আবশ্যিক ।

২) যে সব ছাত্রছাত্রী ২০১৬ / ২০১৭ / ২০১৮ / ২০১৯ সালে কোন স্বীকৃত কাউন্সিল /বোর্ড /বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ মাধ্যমিক (১০+২) বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কলেজে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তির প্রক্রিয়ায় অংশ গ্রহন করতে পারবে। স্বীকৃত কাউন্সিল/ বোর্ড / বিশ্ববিদ্যালয়ের পূর্ণাঙ্গ তালিকা এই বিজ্ঞপনের সঙ্গে দেওয়া হল ।

৩) যে সকল ছাত্রছাত্রী স্নাতকস্তরে ২০১৮-২০১৯ শিক্ষা বর্ষে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি হয়েছিল এবং বিশ্ববিদ্যালয়ে Registration করিয়েছে কিন্তু পরীক্ষার ফর্ম ফিলাপ করেনি, তারা যদি ২নং অনুচ্ছেদে উল্লিখিত নিয়মানুযায়ী যোগ্য বলে বিবেচিত হয়, তবে তারা বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়মানুযায়ী এই বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত যে কোন কলেজে Intake capacity-এর মধ্যে মেধা তালিকায় স্থান পেলে যে কোন কোর্সে পূনরায় নতুন ভাবে ( Re-Admission নয় ) স্নাতকস্তরে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে, কিন্তু তারা একই কলেজে সর্বাধিক দু-বার ভর্তির সুযোগ পাবে, এক্ষেত্রে তাদের আর নতুন করে Registration করতে হবে না, আগের Registration টি বহাল থাকবে, তাদের শুধু মাত্র Enrolment form পূরণ করতে হবে এবং Enrolment form পূরণ করার সময় উক্ত ছাত্রছাত্রীর নিকট থেকে এই রূপ ভর্তির কারন দর্শাইয়া Self Declaration নিতে হবে ।

৪) যে সকল ছাত্রছাত্রী স্নাতকস্তরে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে কলেজে Internal Assessment দেয়নি কিন্তু University Registration and Examination Form পূরণ করেছে, UG- Reg. (CBCS-7) অনুযায়ী তাদের পরীক্ষার রেজাল্ট মূল্যায়ন পর্বে অগ্রগতি হবে না । এক্ষেত্রে তাদেরকে ৩-নং অনুচ্ছেদে উল্লিখিত নিয়মানুসারে Fresh Admission নিতে হবে ।

৫) ১) স্নাতকস্তরে জেনারেল (Genl.) কোর্সে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল্য পরীক্ষায় পরিবেশ বিদ্যা ( Compulsory) বাদে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ৫টি বিষয় মেধা তালিকা তৈরীতে বিবেচিত হবে । এক্ষেত্রে পরিবেশ বিদ্যা যদি Compulsory Elective / Optional Elective-এর মধ্যে থাকে তবে সেটি Best five -এর মধ্যে গন্য হতে পারে ।

২) স্নাতকস্তরে সাম্মানিক (Hons.) কোর্সে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল্য পরীক্ষায় পরিবেশ বিদ্যা ( Compulsory) বাদে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ৫টি বিষয় মেধা তালিকা তৈরীতে বিবেচিত হবে । এক্ষেত্রে পরিবেশ বিদ্যা যদি Compulsory Elective / Optional Elective-এর মধ্যে থাকে তবে সেটি Best five -এর মধ্যে গন্য হতে পারে । সাম্মানিক (Hons.) কোর্সে ভর্তির জন্য মেধা তালিকা তৈরী হবে কলেজ কর্তৃপক্ষের নির্ধারিত নিয়মানুসারে ।

৬) স্নাতকস্তরে সাম্মানিক (Hons.) কোর্সে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বর মোট নম্বরের কমপক্ষে ৪৫% নম্বর থাকতে হবে। মিউজিক এবং সাঁওতালি বিষয়ের ক্ষেত্রে কমপক্ষে ৪০% নম্বর থাকতে হবে।

৭) Economics (Hons.) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোন স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (১০+২) সমতুল্য পরীক্ষায় Mathematics / Business Mathematics / Equivalent বিষয়ে Pass Marks থাকতেই হবে এবং Nutrition (Hons.) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোন স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (১০+২) সমতুল্য পরীক্ষায় Chemistry বিষয়ে Pass Marks থাকতেই হবে।

৮) ১) B.B.A. (Hons.) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোন স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (১০+২) সমতুল্য পরীক্ষায় Science, Arts, Commerce etc. যে কোন বিভাগে পাস করতে হবে।

২) B.C.A. (Hons.) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোন স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (১০+২) সমতুল্য পরীক্ষায় Mathematics / Statistics /Computer Science/ Computer Application/ Business Economics & Mathematics (BEM) বিষয়ে Pass marks থাকতেই হবে।

৩) B.B.A. TH(Hons.) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোন স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (১০+২) সমতুল্য পরীক্ষায় Science, Arts, Commerce etc. যে কোন বিভাগে পাস করতে হবে।

৪) B.Sc.in Bio-Chemistry (Hons.) & B.Sc.in Bio-Technology (Hons.) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোন স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (১০+২) সমতুল্য পরীক্ষায় বিজ্ঞান শাখায় Physics, Chemistry & Bio-Science/Mathematics বিষয়ে Pass marks থাকতেই হবে।

৯) যে সমস্ত ছাত্রছাত্রী উচ্চমাধ্যমিক(১০+২) বা সমতুল্য পরীক্ষায় সর্বাধিক নম্বর প্রাপ্ত ৫টি বিষয়ে ( প্রতিটি বিষয়ের পূর্ণ মান ১০০ নম্বর ) নিয়ে যে কোন স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে পাস করেছে তারা স্নাতক স্তরে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে।

-অথবা-

যে সমস্ত ছাত্রছাত্রী উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল্য পরীক্ষায় কমপক্ষে ৪টি বিষয়ে ( প্রতিটি বিষয়ের পূর্ণ মান ১০০ নম্বর) মোট ৪০০ নম্বর পরীক্ষায় ইংরাজি এবং অন্য যে কোন একটি ভাষার মধ্যে যে কোন একটি বিষয় এবং অন্য যে কোন তিনটি প্রথাগত বিষয় নিয়ে যে কোন স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে পাস করেছে তারা স্নাতকস্তরে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে।

১০) রাজ্য স্তরে খেলোয়াড়রা স্পোর্টস কোটায় সাম্মানিক কোর্সে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তির জন্য বিবেচিত হবে, যদি উচ্চ মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় Pass Marks সহ স্বীকৃত খেলার উপযুক্ত প্রমান পত্র থাকে। জেলা স্তরের খেলোয়াড়রা স্পোর্টস কোটায় জেনারেল কোর্সে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তির জন্য বিবেচিত হবে, যদি উচ্চ মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় Pass Marks সহ স্বীকৃত খেলার উপযুক্ত প্রমান পত্র থাকে।

১১) যে সমস্ত ছাত্রছাত্রী (১০+২) সমতুল্য Vocational Engineering & Technology ( অঙ্কে Pass Marks সহ ) পরীক্ষায় পাস করেছে তারা BCA (Hons.) / BBA (Hons.) / Computer Science (Hons.) এবং B.A.(Genl) / B.Sc (Genl.) কোর্সে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি হওয়ার যোগ্য, আর যারা উপরিউক্ত পরীক্ষায় অঙ্ক বিষয় ছাড়া পাস করেছে বা অঙ্ক বিষয়ে Pass Marks নেই তারা BBA (Hons.) / B.A.(Genl.) এবং Five-year Law কোর্সে ভর্তি হওয়ার যোগ্য।

১২) যে সমস্ত ছাত্রছাত্রী (১০+২) সমতুল্য Vocational Agriculture নিয়ে পাস করেছে তারা B.A./ B.Sc.(Genl.) / BBA (Hons.) কোর্সে ভর্তি হওয়ার যোগ্য।

১৩) যে সমস্ত ছাত্রছাত্রী (১০+২) সমতুল্য Vocational Bussiness & Commerce নিয়ে পাস করেছে তারা B.A. / B.Com.(Genl.)/B.Com.(Hons.)/ BBA (H) এবং Five-year Law কোর্সে ভর্তি হওয়ার যোগ্য।

১৪) যে সমস্ত ছাত্রছাত্রী (১০+২) সমতুল্য Vocational Home Science নিয়ে পাস করেছে তারা B.A.(Genl.) / BBA (Hons.) কোর্সে ভর্তি হওয়ার যোগ্য।

১৫) যে সমস্ত ছাত্রছাত্রী উপরিউক্ত Vocational কোর্স নিয়ে পাস করেছে তারা সংশ্লিষ্ট কলেজে বিষয় ভিত্তিক মোট আসন সংখ্যার মধ্যে সর্বাধিক ১০% আসনে সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তির সুযোগ পাবে, এক্ষেত্রে তাদের সাধারণ বোর্ড থেকে পাশ করে সুযোগ পাওয়া তালিকার সর্বনিম্ন প্রার্থীর থেকে অধিক নম্বর পেতে হবে।

১৬) যে সব ছাত্রছাত্রী বিদেশি বিশ্ববিদ্যালয় / বোর্ড থেকে ডিগ্রি / (১০+২) সমতুল্য পরীক্ষায় পাস করেছে তারা এই বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত যে কোন কলেজে স্নাতক কোর্সে মোট আসন সংখ্যার মধ্যে মাত্র ৫% আসনে ভর্তি হওয়ার সুযোগ পাবে । উল্লেখ্য, যে সব ছাত্রছাত্রী ভারতীয় কোন বোর্ড থেকে পাস করে সর্বনিম্ন নম্বর পেয়ে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি হওয়ার সুযোগ পেয়েছে তাদের থেকে অপেক্ষাকৃত কম নম্বর পাওয়া বিদেশি বোর্ডের ছাত্রছাত্রী প্রথম বর্ষে ভর্তি হওয়ার সুযোগ পাবে না ।

১৭) যে সকল ছাত্রছাত্রী Cambridge University থেকে CIE পরীক্ষায় পাস করেছে তারা এই বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত যে কোন কলেজে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তী হওয়ার যোগ্য, এক্ষেত্রে অবশ্যই তাকে কম পক্ষে 'O' Level থেকে তিনটি বিষয়ে এবং 'A' Level থেকে দুটি বিষয়ে পাস করতে হবে । উপরিউক্ত দুটি লেভেলের মধ্যে কোন একটি লেভেলে ইংরাজি বিষয় থাকা বাধ্যতামূলক ।

১৮) প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ক্লাস শুরু হওয়ার ১৫ দিনের মধ্যে কোন ছাত্রছাত্রী বিষয় / ধারা পরিবর্তন করার জন্য আবেদন করতে পারবে । কলেজ কর্তৃপক্ষ পরবর্তী এক সপ্তাহের মধ্যে বিষয়টি চূরান্ত করবেন ।

১৯) On-line Admission-এর Software'এ Burdwan University-এর Registration-Cum-Enrolment Form-এর নির্ধারিত Field গুলির মধ্যে মোবাইল নম্বর এবং ইমেল আই ডি থাকা আবশ্যক এবং Excel format-এ output নিয়ে রাখতে হবে ।

২০) On-line Registration সংক্রান্ত বিজ্ঞপ্তি পরে জানানো হবে ।

স্বাঃ অধ্যাপক তাফাজল হোসেন
কর্মসচিব ( ভারপ্রাপ্ত)

প্রজ্ঞাপন সংখ্যা:- আর.-সি / পার্ম / এড্ মি / ১৮ (১৫০) / ১ তারিখ:- ১৫.০৫. ২০১৯

জ্ঞাতব্য তথ্য ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রতিলিপি প্রেরিত হল:-

১) মাননীয় / মাননীয়া – অধ্যক্ষ / উপাধ্যক্ষ / ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত সমস্ত কলেজ ।
2) পরীক্ষা নিয়ামক, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৩) অর্থ সচিব, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৪) কলেজ পরিদর্শক, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৫) সকল আধিকারিক বৃন্দ, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৬) পি.এ. উপাচার্য, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৭) পি.এ. সহ উপাচার্য, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৮) পি.এস. কর্মসচিব, বর্ধমান বিশ্ববিদ্যালয়
৯) এস..এস. অনুমতি শাখা, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
১০) জে.এস. রেজিস্ট্রেশন ও মাইগ্রেশন শাখা, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
১১) সিস্টেম ম্যানেজার, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সেন্টার, এই বিজ্ঞাপনটি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে ।

তাফাজ্জল হোসেন

কর্মসচিব ( ভারপ্রাপ্ত)